APR 1 3 2002

ভোরের কাগজ

তারিখ ... পৃষ্ঠা ... কলাম ...

## সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের আলোচনা সভা

# দ্বিতীয় শিফট বিশ্ববিদ্যালয় শিক্ষা ব্যবস্থার সঙ্গে সঙ্গতিপূর্ণ নয়

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : 'ঢাকা বিশ্ববিদ্যালয়কে একবেলা পাবলিক এবং অন্যবেলা প্রাইভেট বিশ্ববিদ্যালয় করার প্রক্রিয়া বন্ধ কর' শীর্ষক আলোচনা সভায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা বলেছেন, দ্বিতীয় শিফট বিশ্ববিদ্যালয় শিক্ষা ব্যবস্থার সঙ্গে সঙ্গতিপূর্ণ নয়। তারা বলেন, বিশ্বব্যাংক এবং আইএমএফ-এর নীলনকশার অংশ হিসেবে ষড়যন্ত্রমূলকভাবে দ্বিতীয় শিফট চালুর উদ্যোগ নেওয়া হচ্ছে। বক্তারা আরো বলেন, দ্বিতীয় শিফট চালু হলে সকালের নিয়মিত শিফট 'বি' আর দ্বিতীয় শিফট 'এ' গ্রেড হিসেবে বিবেচিত হবে।

সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসি সড়কদ্বীপে এই আলোচনা সভার আয়োজন করে। আলোচনা সভায় ঢাকা, জাহাঙ্গীরনগর এবং প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ ঢাকা বিশ্ববিদ্যালয়ে দ্বিতীয় শিফট চালুর বিপক্ষে তাদের বক্তব্য তুলেন ধরেন।

আলোচনা সভায় বক্তব্য রাখেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক অধ্যাপক এইচ কে এস শামসুল আরেফিন, অধ্যাপক আনোয়ার হোসেন, অধ্যাপক আকমল হোসেন, জাহিদ হাসান চৌধুরী, প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক শামসুল ওয়ারেছ এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক আনু মুহাম্মদ। এছাড়াও বাসদ নেতা খালেকুজ্জামান বক্তব্য রাখেন।

অধ্যাপক শামসুল আরেফিন বলেন, দ্বিতীয় শিফট ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ব্যবস্থাকে সংকটের মুখে ঠেলে দেবে এবং বিপর্যস্ত করবে। সস্তা বাহবা পাওয়ার উদ্দেশ্যে দ্বিতীয় শিফট চালু করা হলে সমাজের জন্য তা ক্ষতির কারণ হয়ে দাঁড়াবে। দ্বিতীয় শিফটের পরিবর্তে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়কে রিসার্চ বিশ্ববিদ্যালয়ে রূপান্তরের প্রস্তাব দেন।

অধ্যাপক শামসুল ওয়ারেছ বলেন, শিক্ষার ক্ষেত্রে সরকারকে ভর্তুকি দিতেই হবে। আক্ষেপের সুরে তিনি বলেন, আমরা ক্রমশ বোধহীন হয়ে যাচ্ছি। আগে সন্তানরা অনেক অর্থ উপার্জন করলে বাবা-মা যতোটা না খুশি হতেন তার চেয়ে বেশি খুশি হতেন পড়ালেখায় ভালো রেজাল্ট করলে।

অধ্যাপক আকমল হোসেন বলেন, বিশ্ববিদ্যালয় ধারণার সঙ্গে দ্বিতীয় শিফট চালুর বিষয়টি সঙ্গতিপূর্ণ নয়। তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ে শিক্ষা, গবেষণার কাজ একবেলা বা আধবেলায় সম্পন্ন হতে পারে না। সকাল থেকে রাত পর্যন্ত বিশ্ববিদ্যালয়ে শিক্ষা, গবেষণা চলবে।

অধ্যাপক আনোয়ার হোসেন বলেন, দ্বিতীয় শিফট চালু করতে সমস্যা নেই কিন্তু তা হতে হবে বৈষম্যহীনভাবে। তিনি আরো বলেন, 'সবার জন্য শিক্ষা' আমাদের স্বাধীনতার অন্যতম উদ্দেশ্য হলেও দ্বিতীয় শিফট ব্যবস্থা সেই উদ্দেশ্যের পরিপন্থী। যেখানে কেবল ধনীরাই পড়ালেখা করতে পারবে। যার ফলে একই শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষা ব্যবস্থায় বৈষম্য সৃষ্টি হবে।

অধ্যাপক আনু মুহাম্মদ বলেন, দ্বিতীয় শিফট চালু হলে বিশ্ববিদ্যালয় শিক্ষা ব্যবস্থায় বিশৃঙ্খলা সৃষ্টি করবে। তিনি আরো বলেন, সরকার বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের আপেক্ষিক দারিদ্র্য দূর না করে দ্বিতীয় শিফট চালুর মাধ্যমে শিক্ষকদের লোভনীয় প্রস্তাব দিয়ে একে যুক্তিযুক্ত করতে চাচ্ছে।

খালেকুজ্জামান বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়কে প্রাইভেট বিশ্ববিদ্যালয়ে রূপান্তরের প্রাথমিক কর্মসূচি হিসেবে দ্বিতীয় শিফট চালু করার পাঁয়তারা করা হচ্ছে। তিনি বলেন, দেশী-বিদেশী চক্রান্তে ঢাকা বিশ্ববিদ্যালয়কে বাণিজ্যিক প্রতিষ্ঠান তৈরি করার ষড়যন্ত্র চলছে। আলোচনা সভায় সভাপতিত্ব করেন সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের সভাপতি নুরুল ইসলাম।